

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।  
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (NSC) ভবন, লেভেল-১৪  
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
[www.dhaka.ccie.gov.bd](http://www.dhaka.ccie.gov.bd)

স্মারক নং-২৬.০৩.১১০০.০০১.১৮.০২০.২৩ - ৬০৭০

তারিখঃ ৩১ জুলাই ২০২৪

বিষয়ঃ যথাযথ যাচাই-বাছাইপূর্বক ট্রেড লাইসেন্স প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা হতে আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি), রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) এবং ইন্ডেন্টিং নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং ইআরসি) জারি করা হয়। সকল প্রকার নিবন্ধন সনদ পেতে প্রতিষ্ঠানগুলোকে তার ব্যবসায়ের ঠিকানায় হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করতে হয়। মূলত ট্রেড লাইসেন্স এর ঠিকানা অনুযায়ী প্রতিষ্ঠানগুলো অন্যান্য সকল কাগজাদি দাখিল করে থাকেন। আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ৯ (১) অনুচ্ছেদ অনুযায়ী কোনো প্রতিষ্ঠান পরিদর্শন করা হলে অনেক ক্ষেত্রে দেখা যায় যে, ট্রেড লাইসেন্স এর ঠিকানায় প্রতিষ্ঠানের কোনো অস্তিত্ব নেই। বিশেষ করে বাণিজ্যিক আইআরসি এবং ইআরসির ক্ষেত্রে এরকম কাগুজে প্রতিষ্ঠানের অস্তিত্ব লক্ষ্য করা যায়। এ সকল কাগুজে প্রতিষ্ঠান ব্যবসা ব্যতীত ভিন্ন কোনো অসাধু উদ্দেশ্যে আমদানি, রপ্তানি নিবন্ধন সেবা গ্রহণ করে থাকতে পারে মর্মে এ দপ্তর কর্তৃক প্রতীয়মান হয়।

২। যে সকল প্রতিষ্ঠান ব্যবসার ধরণে আমদানি, রপ্তানি এবং ইন্ডেন্টিং সংযোজন করতে চায় সে সকল প্রতিষ্ঠানের ঠিকানা, ব্যবসার ধরণ ও আনুষঙ্গিক বিষয়াদি যাচাই-বাছাইপূর্বক ট্রেড লাইসেন্স প্রদান করা প্রয়োজন বলে এ দপ্তর মনে করে।

৩। বর্ণিত অবস্থায়, প্রতিষ্ঠানের ঠিকানা, ব্যবসার ধরণ ও আনুষঙ্গিক বিষয়াদি যাচাই-বাছাইপূর্বক ট্রেড লাইসেন্স প্রদানের নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো।



(মোঃ তারিকুল ইসলাম)

উপনিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে

[dc.dhaka@ccie.gov.bd](mailto:dc.dhaka@ccie.gov.bd)

ফোন: ০২৪১০৫০২২৫

১। মেয়র

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
নগর ভবন, ঢাকা-১০০০।

২। মেয়র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
গুলশান সেন্টার পয়েন্ট,  
প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬  
গুলশান-২, ঢাকা-১২১২।

স্মারক নং-২৬.০৩.১১০০.০০১.১৮.০২০.২৩ - ৬০৭০ (২-৬)

তারিখঃ ৩১ জুলাই ২০২৪

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং- ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২।

৩। যুগ্ম নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৪। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৫। নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৬। অফিস কপি।



(মোঃ তারিকুল ইসলাম)

উপনিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা